



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং হিসাব গ্রহণ/১০/০৫/৪৬

তারিখ : ১৪/০৭/২০১৪

অন লাইনে আবেদন ও ফিস জমা সংক্রান্ত

গণবিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোরের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থীসহ সেবা গ্রহণকারী সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, যশোর শিক্ষা বোর্ডের সকল ফিস ব্যাংক ড্রাফট, পে-অর্ডার এবং টিটির পরিবর্তে শুধুমাত্র সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে অন লাইনে প্রদান করতে হবে। যশোর শিক্ষা বোর্ড থেকে ডকুমেন্ট উত্তোলন, কমিটি অনুমোদন, স্বীকৃতি নবায়নসহ যে কোন কাজের সেবা পেতে বোর্ডে না এসে অনলাইনে আবেদন করুন। বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটের Latest notice-এ পাওয়া যাবে।

অন লাইনে ফিস জমা করার নিয়মাবলী :

যশোর শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.jessoreboard.gov.bd) প্রবেশ করে Home page থেকে **Sonali Seba** মেনুতে Click করলে সোনালী সেবার মাধ্যমে ফিস প্রেরণের তথ্য ফরমটি পাওয়া যাবে। ফরমটির তথ্যাদি পূরণ করে Submit বাটনে ক্লিক করলে স্বয়ংক্রিয়ভাবে ফিস প্রেরণের আবেদন ফরম পাওয়া যাবে। ফরমটি প্রিন্ট করে নিয়ে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ফিস জমা দিলে আবেদনের কার্যক্রম সম্পন্ন হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

(প্রফেসর মোঃ আব্দুল মজিদ)

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন নং : ০৪২১-৬৮৬৪৪